গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
(প্রশাসন শাখা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৬-৩৮৮

তারিখ: ১৭ কার্তিক, ১৪৩৩ / ০২ নভেম্বর, ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি এমপিওভূক্ত মাদ্রাসাসমূহের কতিপয় শিক্ষক সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে তাদের ব্যক্তিগত ওয়ালে ও বিভিন্ন গ্রুপে কর্তৃপক্ষের গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বিষয়ে অশোভন, শিষ্টাচার বহির্ভূত এবং উসকানিমূলক পোস্ট দিচ্ছেন। এতে সারাদেশে কর্মরত মাদ্রাসা শিক্ষকদের মাঝে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে, ফলশ্রুতিতে মাদ্রাসা শিক্ষার স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। অধিকন্তু এ জাতীয় কার্যকলাপের কারণে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। এ ধরনের কর্মকান্ড "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯" এর ১০ (ঙ), ১০ (ছ) ও ১০(ঝ) অনুচ্ছেদের পরিপন্থী এবং "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬" এর ১৮ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য।

২। এমতাবস্থায়, মাদ্রাসায় কর্মরত সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদেরকে এসকল কার্যক্রম থেকে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২/১১/২০২৬

মুহাম্মদ মোজাম্মেল হোসেন খান
পরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিতরণ:
অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান . . . (সকল সরকারি ও বেসরকারি মাদ্রাসা)

অনুলিপি: সদয় অবগতির জন্য:
১। জেলা প্রশাসক ... (সকল)
২। জেলা শিক্ষা অফিসার . . . (সকল)
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

CamScanner